

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৭০

२१/ शिष्ठांहात (کتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৩. কন্যা সন্তানদের সাথে পিতার সদাচরণ ও দয়া প্রদর্শন

بَاب بِرِّ الْوَالِدِ وَالْإِحْسَانِ إِلَى الْبَنَاتِ

### আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ الْحَسَنِ، حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنْ فِطْرٍ، عَنْ أَبِي سَعْدٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " مَا مِنْ رَجُلٍ تُدْرِكُ لَهُ ابْنَتَانِ فَيُحْسِنُ إِلَيْهِمَا مَا صَحِبَتَاهُ أَقْ صَحِبَهُمَا إِلاَّ أَدْخَلَتَاهُ الْجَنَّةَ ".

#### বাংলা

৬/৩৬৭০। ইবনে 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তির দু'টি কন্যা সন্তান থাকলে এবং সে তাদের সাথে উত্তম ব্যবহার করলে যত দিন তারা একত্রে বসবাস করবে, তারা তাকে জান্নাতে প্রবেশ করাবে।

## **English**

It was narrated from Ibn Abbas that the Messenger of Allah() said: "There is no man whose two daughters reach the age of puberty and he treats them kindly for the time they are together, but they will gain him admittance to Paradise."

### ফুটনোট

আহমাদ ২১০৫, ৩৪১৪, সহীহাহ ২৭৭৫। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ফিতর (বিন খালীফাহ) সম্পর্কে আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তার মাঝে কোন সমস্যা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। ইমাম দারাকুতনী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭৭৩, ২৩/৩১২ নং পৃষ্ঠা) ২. আবু সাঈদ সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল।



ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সংমিশ্রন করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৭১৪, ১২/৪১৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন